



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029


স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭০.১২-২০৭৪

তারিখঃ ২৫/০২/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ প্রকল্প হতে বিনামূল্যে বিতরণকৃত সেলাই মেশিন উদ্ধার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের (সংশোধিত) আওতায় বাপার্ড, কোটালিপাড়া, গোপালগঞ্জে প্রকল্পের সুফলভোগী সদস্যদের এক মাস মেয়াদী সেলাই ও এমব্রয়ডারি প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। প্রশিক্ষণোত্তর প্রত্যেক সদস্যকে তার প্রশিক্ষণলব্ধ জ্ঞান ব্যবহার পূর্বক আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রকল্প হতে বিনামূল্যে একটি করে সেলাই মেশিন প্রদান করা হয়। বিতরণকৃত সেলাই মেশিনটি প্রকল্পের সম্পদ যা হস্তান্তর বা বিক্রয় করা আইনত দণ্ডনীয় অপরাধ; কিন্তু আপনার আওতাধীন উপজেলায় অত্র প্রকল্পের ০২ জন উপকারভোগী সদস্য বিতরণকৃত সেলাই মেশিন ০২ টি ব্যবহার না করে সরাসরি বিক্রয় করেছে মর্মে অভিযোগ রয়েছে। এমতাবস্থায় প্রকল্পের সম্পদ (সেলাই মেশিন) উদ্ধারের স্বার্থে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

- ১। উপকারভোগী কর্তৃক সেলাই মেশিন বিক্রির বিষয়টি প্রমানিত হলে উপজেলা প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহযোগিতায় উদ্ধারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ২। সেলাই ও এমব্রয়ডারি প্রশিক্ষণগ্রহনকারী সদস্যগণ প্রাপ্ত সেলাই মেশিনটি যথাযথভাবে ব্যবহার করেন কিনা তা সংশ্লিষ্ট মাঠ সংগঠককে নিয়মিত মনিটরিং করতে হবে।


(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলাঃ চরফ্যাশন
জেলাঃ ভোলা।

সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, ভোলা জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, চরফ্যাশন উপজেলা, ভোলা জেলা।
- ৬। অফিস কপি।